



আ. লীগের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ ভুল প্রমাণিত: স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশকে মানবাধিকার লঙ্ঘনকারী দেশ হিসেবে তুলে ধরার চেষ্টা করেছিল কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ। তবে তাদের সেই অভিযোগ ভুল প্রমাণিত হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ।

রোববার (১১ অক্টোবর) সকালে আন্তর্জাতিক পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) সম্মেলন শেষে দেশে ফিরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

স্পিকার জানান, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফেরানোর বিষয়ে দ্বিপক্ষীয় আলোচনা হতে পারে। এ নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে।

আইপিইউ সম্মেলনে বাংলাদেশের অর্জন তুলে ধরে হাফিজ উদ্দিন আহমেদ বলেন, সম্মেলনে শ্রমিকদের দুর্ভোগ কমানোর বিষয়ে সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে আলোচনা হয়েছে। এ ছাড়া ফোরাম অব উইমেন ও ইয়ং পার্লামেন্টের প্রতিনিধিদের সঙ্গেও আলোচনা হয়েছে।

তিনি আরও জানান, আগামী এক বছরের জন্য এশিয়া-প্যাসিফিক অঞ্চলের নেতৃত্ব দেবেন বাংলাদেশ।